গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
নোয়াখালী।
cs.noakhali.gov.bd

স্মারক নং- সিএসএন/শা-৩/নিয়োগ-২০২৫/ ১০৭৭৬ তারিখ- ৭/১০/২০২৫ খ্রিঃ।

## "পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৬.২৩.২৯৯০ তারিখ- ০১ জানুয়ারি ২০২৪ ইং মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক এবং স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.২৩-১৯৫৪ তারিখঃ ১ জুলাই, ২০২৫ ইং মূলে ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির প্রেক্ষিতে সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে রাজস্ব খাতের (১১-২০ গ্রেড) নিম্নলিখিত শূণ্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দাদের (জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক) নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (Online) http://csnoakhali.teletalk.com.bd আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে (Online) ব্যতীত সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও জাতীয় বেতন স্কেল ২০১৫ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যানবিদ | ০৬ (ছয়) | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ০২ | স্বাস্থ্য সহকারী | ১২১ (একশত একুশ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ-**

১। আগ্রহী প্রার্থীগণ http://csnoakhali.teletalk.com.bd এ ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক Online- এ আবেদন করতে পারবেন। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

২। সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী এর স্মারক নং- সিএসএন/শা-৩/নিয়োগ-২০২৪/২৫৫০ তারিখ: ৩১/০৩/২০২৪ ইং মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী গ্রহনযোগ্য হবে। তারা বর্তমানে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহন করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রনের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

৩। আবেদনকারীর বয়স ০২/১১/২০২৫ইং তারিখে অবশ্যই সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি/সমমান সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করা হবে। কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন আদেশ নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ তারিখঃ ২৩/০৭/২০২৪ খ্রিঃ প্রতিপালিত হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্র (NOC) এর মূলকপি বাধ্যতামূলক ভাবে জমা দিতে হবে।

৬। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) উল্লেখসহ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে। স্থায়ী ঠিকানার ক্ষেত্রে ওয়ার্ড নং ভুল হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে ইউনিয়নের যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন (এক্ষেত্রে প্রার্থী যে পুরাতন ওয়ার্ডের বাসিন্দা সে পুরাতন ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের (পুরাতন) বাসিন্দা হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে একই ইউনিয়নের অন্য পুরাতন ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

৮। স্বাস্থ্য সহকারী পদে নিয়োগের ক্ষেত্রে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৬২৬০/২০২৪ এর ০৪/০৬/২০২৪ ইং তারিখের রায় এ নোয়াখালী জেলায় রিট পিটিশনকারীদের জন্য ১২(বার) টি স্বাস্থ্য সহকারী শূন্য পদ সংরক্ষণের আদেশ দেয়ায় নিম্নোক্ত শূন্য পদ সমূহ সংরক্ষিত রাখার নিমিত্ত নোয়াখালী সদর উপজেলার ১ নং চরমটুয়া ইউনিয়নের পুরাতন ১ নং ওয়ার্ড, ৭ নং ধর্মপুর ইউনিয়নের পুরাতন ১নং ওয়ার্ড ও পুরাতন ৩ নং ওয়ার্ড, ৮ নং এওজবালিয়া ইউনিয়নের পুরাতন ৩ নং ওয়ার্ড, ১২ নং পূর্ব চরমটুয়া ইউনিয়নের পুরাতন ১ নং ওয়ার্ড, কবিরহাট উপজেলার ১ নং নরোত্তমপুর ইউনিয়নের পুরাতন ১ নং ওয়ার্ড ও পুরাতন ২ নং ওয়ার্ড, ৪ নং ঘোষবাগ ইউনিয়নের পুরাতন ৩ নং ওয়ার্ড এবং ৬ নং ধানশালিক ইউনিয়নের পুরাতন ১ নং ওয়ার্ড, কোম্পানীগঞ্জ উপজেলার ৩ নং চর হাজারী ইউনিয়নের পুরাতন ২ নং ওয়ার্ড, ৫ নং চর ফকিরা ইউনিয়নের পুরাতন ৩ নং ওয়ার্ড এবং ৭ নং মুছাপুর ইউনিয়নের পুরাতন ৩ নং ওয়ার্ড সমুহে নিয়োগ প্রদান করার সুযোগ নাই বিধায় বর্ণিত ওয়ার্ড সমুহে স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ প্রক্রিয়া স্থগিত রাখা হয়েছে। উল্লেখ্য যে, ২০২৪ সালে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বর্ণিত যে সকল ইউনিয়নের পুরাতন ওয়ার্ডগুলোতে আবেদন গ্রহন করা হয়েছিল বর্ণিত মামলা জনিত কারণে ঐ সকল ইউনিয়নের ওয়ার্ড সমূহের স্বাস্থ্য সহকারীর শূন্য পদের বিপরীতে পরীক্ষা গ্রহনের সুযোগ নেই।

৯। নোয়াখালী জেলার আওতাধীন কোন পৌরসভার আবেদনকারী স্বাস্থ্য সহকারী পদে আবেদন করতে পারবেন না। তবে পরিসংখ্যানবিদ পদে আবেদনকারীদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।

১০। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী এবং নোয়াখালী জেলাধীন সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (http://cs.noakhali.gov.bd) পাওয়া যাবে।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোনো তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহন করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৩। প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গন্য হবে।

১৪। অপেক্ষমান তালিকা সংরক্ষণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫ আগস্ট-২০২৫ এর ০৫.০০.০০০০.১৭০.১১.০২০.২৪-২১৭ নং পরিপত্র অনুসরণ করা হবে।

১৫। **আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/শর্তাবলী নিম্নরুপঃ-**

(ক) Online এর আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৩/১০/২০২৫ ইং সকাল ১০.০০ ঘটিকা হতে।

(খ) Online এর আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ০২/১১/২০২৫ ইং বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৬। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB এর মধ্যে হতে হবে।

১৭। Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৮। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১৯। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ-**

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s Copy পাবেন। উক্ত Applicant`s Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant`s Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ হইতে ০২ পর্যন্ত পদের জন্য ১০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ১১২/-(একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত online এর আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**১ম এসএমএস :**

CSNOAKHALI<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : CSNOAKHALI ABDCEF Send to 16222

Reply: Applicant's name, Tk. 112 will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX. To pay fee type CSNOAKHALI <space> Yes <space> PIN and send to 16222 নম্বরে।

**২য় এসএমএস :**

CSNOAKHALI <space>YES<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : CSNOAKHALI YES XXXXXXXXXX

Reply SMS: Congratulations Applicant`s Name, Payment completed successfully for CSNOAKHALI for Application for XXXXXXXX User ID is (ABDCEF) and password (XXXXXXX).

২০। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csnoakhali.teletalk.com.bd অথবা cs.noakhali.gov.bd অথবা www.dghs.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

২১। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২২। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক) User ID জানা থাকলে CSNOAKHALI<space>Help<space>User<space>User ID and send to 16222.
Example : CSNOAKHALI HELP USER ABCDEF and send to 16222.

খ) PIN Number জানা থাকলে : CSNOAKHALI <space>Help<space>PIN<space>PIN No and send to 16222
Example : CSNOAKHALI HELP PIN 12345678.

২৩। Online এ আবেদন করতে কোনো সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd ই-মেইলে অথবা যেকোনো টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১ নাম্বারে। এছাড়াও বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজ http://www.facebook.com/alljobsbdteletalk এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ম্যাসেজ এর Subject-এ Organization Name: csnoakhali, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করিতে হবে।

২৪। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা ওয়েবসাইটে (http://cs.noakhali.gov.bd) জানা যাবে।

২৫। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি বাধ্যতামূলক ভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ সীল মোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

২৬। **মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবেঃ**

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/ প্রত্যয়নপত্র/অনুমতিপত্র/অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র।

গ) চাকুরীর আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা ইত্যাদি সনদপত্র।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমানক। মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটার আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর সনদপত্র।

চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর (উপজাতি/আদিবাসী) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র।

জ) তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিস্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তৃতীয় লিঙ্গ সম্পর্কিত সনদপত্র।

ঝ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।

ঞ) ডাউনলোডকৃত Applicant's & Admit Card Copy এর রঙ্গিন প্রিন্ট কপি।

২৭। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৮। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোনো শর্ত বা অনুচ্ছেদ সংযোজন/সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইন আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৯। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সম্পর্কিত সকল তথ্য সিভিল সার্জন অফিসের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে (cs.noakhali.gov.bd) পাওয়া যাবে। এছাড়া QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটের টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

Scan me!

৩০। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯।১০।২৫

(ডাঃ মরিয়ম সিমি)
সিভিল সার্জন, নোয়াখালী
ও
সদস্য সচিব
পুর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি, নোয়াখালী।

স্মারক নং- সিএসএন/শা-৩/নিয়োগ-২০২৫/ ২০৭৭৬।২৭ ০৯।১০।২৫ তারিখ-৯/১০/২০২৫ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলো- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষনঃ উপসচিব (প্রশাসন-১ শাখা)।

০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।

০৩। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

০৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

০৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য),চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৬। জেলা প্রশাসক, নোয়াখালী। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

০৭। পুলিশ সুপার, নোয়াখালী। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা- নোয়াখালী। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

০৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), জেলা- নোয়াখালী। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

১০। জেলা তথ্য অফিসার, নোয়াখালী/জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নোয়াখালী। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

১১। ......................................., নোয়াখালী।

১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নোয়াখালী।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্সিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং #৩/এ,৫/এ, ৭/এ, রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২। (উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৪। সম্পাদক, ................................................................। উপরোক্ত বিজ্ঞপ্তি খানা আপনার প্রকাশিত পত্রিকায় ১(এক) দিন প্রকাশকরণ এবং প্রকাশিত পত্রিকার নমুনা কপি ৫(পাঁচ) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৫। পরিসংখ্যানবিদ, সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালীকে পুনঃনিয়োগ বিজ্ঞাপ্তি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৬। নোটিশ বোর্ড, সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী।

১৭। অফিস কপি।

৯।১০।২৫

(ডাঃ মরিয়ম সিমি)
সিভিল সার্জন, নোয়াখালী
ও
সদস্য সচিব
পুর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি, নোয়াখালী।



০৯।১০।২৫.